

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: রাসূলের মধ্যে রয়েছে উত্তম আদর্শ-৬

১. রাসূল (স:) পণ্য কেনা বেচা করতেন এবং অংশীদারিত্বে (**partnership**) ব্যবসা করতেন। একদিন তার পূর্বতন অংশীদারিত্বের ব্যবসায়ী রাসূল (স:) সাথে দেখা দেখা করতে এসে জিজ্ঞাসা করলেন আপনি রাসূল (স:) কি আমাকে চিনেছেন? রাসূল (স:) বললেন, তুমি আমার সাথে ব্যবসায় অংশীদার ছিলে না? তুমি একজন ভালো অংশীদার (**partner**) ছিলে, তুমি কোনো কিছু লুকাতে না এবং অযথা বেশি তর্কও করতেনা। (আবু দাউদ ৪৮৩৬, ইবনে মাজাহ ২২৮৭)

২. রাসূল (স:) কারো কাছ থেকে ধার (**loan**) নিলে, ফেরত দেওয়ার সময় কিছু বেশি দিতেন। যখন কেউ রাসূলের (স:) কাছ থেকে নেয়া ধার (**loan**) ফেরত দিতেন, তখন তিনি তার পরিবার ও সম্পদের উপর বরকতের জন্য আল্লাহর কাছে দোয়া করতেন, কারো কাছ থেকে নেয়া ধার (**loan**) পরিশোধ করা প্রশংসার যোগ্য এবং আল্লাহ সওয়াব দান করেন। (নাসাই ৪৬৮৩, ইবনে মাজাহ ৪২৪২)

৩. রাসূল (স:) ঈদের সালাত আদায় করেছেন আজান ও ইকামত ছাড়া। (বুখারী ৪৬৮৩, মুসলিম ৮৮৬, আবু দাউদ ১১৪৭)

প্রিয় ভাই ও বোনরা, আল্লাহ তা'আলা আমাদেরকে আল্লাহ ও রাসূলের নির্দেশ জানা বুঝার তৌফিক দান করুন এবং সে মোতাবেক জীবন পরিচালনা করার হেদায়াত দান করুন। রাসূলের সমস্ত কাজই আমাদের জন্য অনুকরণীয়। আমাদের চেষ্টা করা উচিত রাসূলকে অনুসরণ করা।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here <http://www.morningbrightness.fi/>